রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২০, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**পুলিশ শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ/ ২০ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৩৫-আইন/২০২০।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, 'পুলিশ বিভাগ (নন-পুলিশ কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৬' এর নিম্নরূপ সংশোধন করিলেন,যথা :—

উপরি-উক্ত বিধিমালার 'পুলিশ হাসপাতাল' শিরোনামের তপশিলের কলাম-১ এর ক্রমিক নং ১ হইতে ক্রমিক নং ২০ এবং উক্ত ক্রমিক নম্বরসমূহের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ নিম্নবর্ণিত তপশিলসমূহ, ক্রমিক নং ও এন্ট্রিসমূহ দ্বারা প্রতিস্থাপিত হইবে, যথা :—

**"তপশিল-১**

**পুলিশ হাসপাতাল :**

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | পরিচালক<br>গ্রেড-৩ | - | পদায়নের মাধ্যমে বা প্রেষণে নিয়োগ। | পুলিশ বাহিনীর অন্যূন ৩য় গ্রেডের সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে নিয়োগ করিতে হইবে এবং<br>উক্ত ক্ষেত্রে এমবিবিএস ডিগ্রীধারী কর্মকর্তাগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |



**মূল্য :** টাকা ২৪.০০

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২. | চীফ কনসালটেন্ট (রেডিওলজি, জেনারেল সার্জারি, মেডিসিন, অর্থো-সার্জারি, গাইনী-অব্‌স, কার্ডিওলজি, শিশু, এনেস্থেশিয়া, চক্ষু) গ্রেড-৪ | অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) বছর | মোট পদের শতকরা ৬০(ষাট) ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৪০(চল্লিশ) ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>তবে পদোন্নতি বা সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী না থাকিলে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) সিনিয়র কনসালটেন্ট পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; এবং<br>(খ) ৯ম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডভুক্ত পদে অন্যূন ১২(বার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস বা সমমানের ডিগ্রি বা বিডিএস ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে এফআরসিপি বা এফআরসিএস বা এমফিল বা এমসিপিএস বা এমআরসিপি বা এমআরসিএস বা এমআরসিওজি বা এমডি বা এমএস বা ডিপ্লোমা বা বিএমডিসি কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি;<br>(খ) বিএমডিসি কর্তৃক হালনাগাদ রেজিস্ট্রেশনপ্রাপ্ত; এবং<br>(গ) সরকার অনুমোদিত কোনো প্রতিষ্ঠানে সিনিয়র কনসালটেন্ট বা সমপদমর্যাদাসম্পন্ন পদে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ মোট ১২(বারো) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br><br>**প্রেষণে নিয়োগ বা পদায়নের ক্ষেত্রে :**<br>অন্যূন সমপদমর্যাদা এবং সমযোগ্যতা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে নিয়োগ করিতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩. | সুপারিনটেনডেন্ট<br>গ্রেড-৫ | অনূর্ধ্ব ৪৫ (পঁয়তাল্লিশ) বছর | মোট পদের শতকরা ৬০(ষাট) ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৪০(চল্লিশ) ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>তবে পদোন্নতি বা সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী না থাকিলে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) বিএমডিসি কর্তৃক স্বীকৃত পোস্ট গ্রাজুয়েট বা ডিগ্রি বা ডিপ্লোমাসহ জুনিয়র কনসালটেন্ট পদে অন্যূন ০৩(তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; এবং<br>(খ) ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস বা সমমানের ডিগ্রি বা বিডিএস ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে এফসিপিএস বা এমফিল বা এমসিপিএস বা এমআরসিপি বা এমআরসিএস বা এমআরসিওজি বা এমডি বা এমএস বা ডিপ্লোমা বা বিএমডিসি কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত সংশ্লিষ্ট বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি;<br>(খ) বিএমডিসি কর্তৃক হালনাগাদ রেজিস্ট্রেশনপ্রাপ্ত; এবং<br>(গ) অন্যূন ০৭ (সাত) বৎসর চাকুরীর অভিজ্ঞতা।<br>**প্রেষণে নিয়োগ বা পদায়নের ক্ষেত্রে :**<br>অন্যূন সমপদমর্যাদা এবং সমযোগ্যতা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে নিয়োগ করিতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪. | সিনিয়র কনসালটেন্ট (অর্থো-সার্জারী, গাইনী, এনেস্থেশিয়া, শিশু, ইএনটি, চর্ম ও যৌন, রেডিওলজি, মেডিসিন, প্যাথলজি, রক্ত-পরিসঞ্চালন, চক্ষু, ডেন্টাল ) গ্রেড-৫ | অনূর্ধ্ব ৪৫ (পঁয়তাল্লিশ) বছর | মোট পদের শতকরা ৬০(ষাট) ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৪০(চল্লিশ) ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>তবে পদোন্নতি বা সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী না থাকিলে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) বিএমডিসি কর্তৃক স্বীকৃত পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমাসহ জুনিয়র কনসালটেন্ট পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; এবং<br>(খ) ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস বা সমমানের ডিগ্রি বা বিডিএস ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে এফসিপিএস বা এমফিল বা এমসিপিএস বা এমআরসিপি বা এমআরসিএস বা এমআরসিওজি বা এমডি বা এমএস বা ডিপ্লোমা বা বিএমডিসি কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত সংশ্লিষ্ট বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি;<br>(খ) বিএমডিসি কর্তৃক হালনাগাদ রেজিষ্ট্রেশনপ্রাপ্ত; এবং<br>(গ) অন্যূন ০৭(সাত) বৎসর চাকুরীর অভিজ্ঞতা।<br>**প্রেষণে নিয়োগ বা পদায়নের ক্ষেত্রে :**<br>অন্যূন সমপদমর্যাদা এবং সমযোগ্যতা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে নিয়োগ করিতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫. | জুনিয়র কনসালটেন্ট (প্যাথলজি, সাইকিয়াট্রি, নেফ্রোলজি, ক্যাজুয়ালটি, চক্ষু, গাইনী, চর্ম ও যৌন, দন্ত, অর্থো-সার্জারী, এনেস্থেশিয়া, মেডিসিন) গ্রেড-৬ | অনূর্ধ্ব ৪০ (চল্লিশ) বছর | মোট পদের শতকরা ৬০(ষাট) ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৪০(চল্লিশ) ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>তবে পদোন্নতি বা সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী না থাকিলে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>বিএমডিসি কর্তৃক স্বীকৃত কোনো প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে পোস্ট গ্রাজুয়েট বা ডিপ্লোমাসহ রেসিডেন্ট ফিজিশিয়ান বা রেসিডেন্ট সার্জন বা রেসিডেন্ট মেডিকেল অফিসার পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। অথবা বিএমডিসি কর্তৃক স্বীকৃত কোনো প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে পোস্ট গ্রাজুয়েট বা ডিপ্লোমাসহ সিনিয়র মেডিকেল অফিসার পদে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; বা<br>বিএমডিসি কর্তৃক স্বীকৃত কোনো প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে পোস্ট গ্রাজুয়েট বা ডিপ্লোমাসহ সহকারী সার্জন (এমও) বা মেডিকেল অফিসার বা ইমার্জেন্সি মেডিকেল অফিসার বা অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার বা প্যাথলজিস্ট বা রেডিওলজিস্ট পদে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস বা সমমানের ডিগ্রি বা বিডিএস ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে এফসিপিএস বা এমফিল বা এমসিপিএস বা এমআরসিপি বা এমআরসিএস বা এমআরসিওজি বা এমডি বা এমএস বা ডিপ্লোমা বা বিএমডিসি কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত সংশ্লিষ্ট বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি;<br>(খ) বিএমডিসি কর্তৃক হালনাগাদ রেজিস্ট্রেশন প্রাপ্ত; এবং<br>(গ) অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**প্রেষণে নিয়োগ বা পদায়নের ক্ষেত্রে :**<br>অন্যূন সমপদমর্যাদা এবং সমযোগ্যতা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে নিয়োগ করিতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৬. | রেসিডেন্ট ফিজিশিয়ান গ্রেড-৭ | - | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না থাকিলে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) সিনিয়র মেডিকেল অফিসার পদে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; বা<br>(খ) সহকারী সার্জন (এমও) বা মেডিকেল অফিসার বা ইমার্জেন্সি মেডিকেল অফিসার বা অ্যাসিসটেন্ট রেজিস্ট্রার বা প্যাথলজিস্ট বা রেডিওলজিস্ট পদে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা এবং বিএমডিসি কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ০২ (দুই) বৎসরের প্রশিক্ষণসহ উক্ত পদে অন্যূন ০৪(চার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**প্রেষণে নিয়োগ বা পদায়নের ক্ষেত্রে :**<br>অন্যূন সমপদমর্যাদা এবং সমযোগ্যতা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে নিয়োগ করিতে হইবে। |
| ৭. | রেসিডেন্ট সার্জন গ্রেড-৭ | - | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না থাকিলে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) সিনিয়র মেডিকেল অফিসার পদে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; বা<br>(খ) সহকারী সার্জন (এমও) বা মেডিকেল অফিসার বা ইমার্জেন্সি মেডিকেল অফিসার বা অ্যাসিসটেন্ট রেজিস্ট্রার বা প্যাথলজিস্ট বা রেডিওলজিস্ট পদে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা এবং বিএমডিসি কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ০২ (দুই) বৎসরের প্রশিক্ষণসহ উক্ত পদে অন্যূন ০৪(চার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**প্রেষণে নিয়োগ বা পদায়নের ক্ষেত্রে :**<br>অন্যূন সমপদমর্যাদা এবং সমযোগ্যতা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে নিয়োগ করিতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৮. | রেসিডেন্ট মেডিকেল অফিসার<br><br>গ্রেড-৭ | - | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না থাকিলে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br><br>(ক) সিনিয়র মেডিকেল অফিসার পদে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; বা<br><br>(খ) সহকারী সার্জন (এমও) বা মেডিকেল অফিসার বা ইমার্জেন্সি মেডিকেল অফিসার বা অ্যাসিসটেন্ট রেজিস্ট্রার বা প্যাথলজিস্ট বা রেডিওলজিস্ট পদে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br><br>**প্রেষণে নিয়োগ বা পদায়নের ক্ষেত্রে :**<br><br>অন্যূন সমপদমর্যাদা এবং সমযোগ্যতা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে নিয়োগ করিতে হইবে। |
| ৯. | সিনিয়র মেডিকেল অফিসার<br><br>গ্রেড-৮ | - | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না থাকিলে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br><br>সহকারী সার্জন (এমও) বা মেডিকেল অফিসার বা ইমার্জেন্সি মেডিকেল অফিসার বা অ্যাসিসটেন্ট রেজিস্ট্রার পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br><br>**প্রেষণে নিয়োগ বা পদায়নের ক্ষেত্রে :**<br><br>অন্যূন সমপদমর্যাদা এবং সমযোগ্যতা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে নিয়োগ করিতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১০. | প্যাথলজিস্ট<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩২(বত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস বা সমমানের ডিগ্রি;<br>(খ) বিএমডিসি কর্তৃক হালনাগাদ রেজিস্ট্রেশনপ্রাপ্ত। |
| ১১. | রেডিওলজিস্ট<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩২(বত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস বা সমমানের ডিগ্রি;<br>(খ) বিএমডিসি কর্তৃক হালনাগাদ রেজিস্ট্রেশনপ্রাপ্ত। |
| ১২. | সহকারী সার্জন (এমও)<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩২(বত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস বা সমমানের ডিগ্রি;<br>(খ) বিএমডিসি কর্তৃক হালনাগাদ রেজিস্ট্রেশনপ্রাপ্ত। |
| ১৩. | মেডিকেল অফিসার<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩২(বত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস বা সমমানের ডিগ্রি;<br>(খ) বিএমডিসি কর্তৃক হালনাগাদ রেজিস্ট্রেশনপ্রাপ্ত। |
| ১৪. | ইমার্জেন্সি মেডিকেল অফিসার<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩২(বত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস বা সমমানের ডিগ্রি;<br>(খ) বিএমডিসি কর্তৃক হালনাগাদ রেজিস্ট্রেশনপ্রাপ্ত। |
| ১৫. | অ্যাসিসট্যান্ট রেজিস্ট্রার<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩২(বত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস বা সমমানের ডিগ্রি;<br>(খ) বিএমডিসি কর্তৃক হালনাগাদ রেজিস্ট্রেশনপ্রাপ্ত। |

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৬. | ডেন্টাল সার্জন<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩২(বত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিডিএস ডিগ্রি বা সমমানের ডিগ্রি;<br>(খ) বিএমডিসি কর্তৃক হালনাগাদ রেজিস্ট্রেশনপ্রাপ্ত। |
| ১৭. | নার্সিং সুপারিনটেনডেন্ট<br>গ্রেড -৯ | - | পদোন্নতির মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পাবলিক হেলথ নার্সিং বা নার্সিং এ স্নাতক ডিগ্রিসহ নার্সিং সুপারভাইজার বা সিনিয়র স্টাফ নার্স হিসাবে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১৮. | প্রশাসনিক কর্মকর্তা<br>গ্রেড -১০ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) অ্যাকাউন্টট্যান্ট পদে অন্যূন ০৩(তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; বা<br>(খ) প্রধান সহকারী বা প্রধান সহকারী কাম হিসাবরক্ষক পদে অন্যূন ০৬(ছয়) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-২ এর অধীন গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৯. | সাব অ্যাসিসট্যান্ট ইঞ্জিনিয়ার<br>গ্রেড -১০ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ তড়িৎকৌশল বিষয়ে ০৪(চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রি। |
| ২০. | হেলথ এডুকেশন অফিসার<br>গ্রেড -১০ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা ৪(চার) বৎসর মেয়াদি অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। তবে এমপিএইচ (মাস্টার অব পাবলিক হেল্‌থ) ডিগ্রিধারী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ২১. | সোশ্যাল ওয়েল ফেয়ার অফিসার<br>গ্রেড -১০ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪(চার) বৎসর মেয়াদি অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। তবে সমাজবিজ্ঞান বা সমাজকর্ম বা সমাজকল্যাণ বিষয়সহ সংশ্লিষ্ট বিষয়ের প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২২. | নার্সিং সুপারভাইজার<br>গ্রেড-১০ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>বা<br>(খ) জ্যেষ্ঠতার ভিত্তিতে বদলি বা পদায়নের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে নার্সিং এ স্নাতক ডিগ্রি বা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা-ইন-নার্সিং বা ডিপ্লোমা-ইন-নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি সার্টিফিকেট এ উত্তীর্ণ; এবং<br>(খ) বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক নিবন্ধিত।<br><br>**জ্যেষ্ঠতার ভিত্তিতে বদলি বা পদায়নের ক্ষেত্রে:**<br>সিনিয়র স্টাফ নার্স পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে বদলি বা পদায়নের মাধ্যমে। |
| ২৩. | সিনিয়র স্টাফ নার্স<br>গ্রেড-১০ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে নার্সিং এ স্নাতক ডিগ্রি বা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা-ইন-নার্সিং বা ডিপ্লোমা-ইন-নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি সার্টিফিকেট এ উত্তীর্ণ; এবং<br><br>(খ) বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক নিবন্ধিত। |
| ২৪. | মেডিকেল টেকনোলজিস্ট (রেডিওগ্রাফি, প্যাথ-বিটি, ল্যাবরেটরি, ডেন্টাল, ফিজিওথেরাপিস্ট, রেডিওগ্রাফিস্ট)<br>গ্রেড-১১ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে মেডিকেল টেকনোলজিতে ডিপ্লোমা ডিগ্রি। |

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
| --- | --- | --- | --- | --- |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৫. | ফার্মাসিস্ট<br>গ্রেড-১১ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে ফার্মাসিস্ট বিষয়ে অন্যূন ০৩(তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল কর্তৃক নিবন্ধিত। |
| ২৬. | কম্পাউন্ডার<br>গ্রেড-১১ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে ফার্মাসিস্ট বিষয়ে অন্যূন ০৩(তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল কর্তৃক নিবন্ধিত। |
| ২৭. | অ্যাকাউন্টট্যান্ট<br>গ্রেড-১১ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতি যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>প্রধান সহকারী কাম হিসাবরক্ষক পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; বা<br>ক্যাশিয়ার বা অ্যাকাউন্টস্ অ্যাসিসটেন্ট পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন ২য় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা থাকিতে হইবে। |
| ২৮. | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। |

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৯. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে;<br>(গ) তপশিল ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| ৩০. | প্রধান সহকারী<br>গ্রেড-১৩ | – | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসর চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৩১. | প্রধান সহকারী কাম হিসাবরক্ষক<br>গ্রেড-১৩ | – | পদোন্নতির মাধ্যমে। | (ক) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ক্যাশিয়ার বা অ্যাকাউন্টস্ অ্যাসিসট্যান্ট বা স্টোর কিপার পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে। |
| ৩২. | কার্ডিওগ্রাফার<br>গ্রেড-১৫ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ইসিজি বা ইটিটি বা কার্ডিওগ্রাফিতে প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৩. | মিডওয়াইফ<br>গ্রেড-১৫ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ০৬ (ছয়) মাসের প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩৪. | অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৫. | ক্যাশিয়ার গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | মোট পদের শতকরা ১০ ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শকতরা ৯০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>ক্যাশ সরকার পদে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ৩৬. | স্টুয়ার্ড গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৭. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) তপশিল-৩ ও তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩৮. | স্টোর কিপার<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা;<br>(গ) সরকার কর্তৃক নির্ধারিত জামানত প্রদান করিতে হইবে; এবং<br>(ঘ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৯. | লিনেন কিপার<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪০. | ওয়ার্ড মাস্টার<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪১. | টেলিফোন অপারেটর<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০৬ (ছয়) মাসের অভিজ্ঞতা। |

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪২. | ড্রাইভার<br>গ্রেড-১৬<br>(হালকা লাইসেন্স)<br>গ্রেড-১৫<br>(ভারী লাইসেন্স) | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) হালকা বা ভারী গাড়ি চালনার বৈধ লাইসেন্স থাকিতে হইবে; এবং<br>(৩) হালকা বা ভারী গাড়ি চালনায় অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৪৩. | জুনিয়র স্টাফ নার্স<br>গ্রেড-১৭ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে নার্সিং বা প্যারামেডিকেল বিষয়ে অন্যূন ০৬ (ছয়) মাসের সার্টিফিকেট কোর্স সনদপ্রাপ্ত। |
| ৪৪. | পুরুষ নার্স<br>গ্রেড-১৭ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে নার্সিং বা প্যারামেডিকেল বিষয়ে অন্যূন ০৬ (ছয়) মাসের সার্টিফিকেট কোর্স সনদপ্রাপ্ত । |
| ৪৫. | নার্সিং অ্যাটেনডেন্ট<br>গ্রেড-১৭ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে নার্সিং বা প্যারামেডিকেল বিষয়ে অন্যূন ০৬ (ছয়) মাসের সার্টিফিকেট কোর্স সনদপ্রাপ্ত। |

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪৬. | নার্সিং অ্যাসিসট্যান্ট<br>গ্রেড-১৭ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে নার্সিং বা প্যারামেডিকেল বিষয়ে অন্যূন ০৬ (ছয়) মাসের সার্টিফিকেট কোর্স সনদপ্রাপ্ত। |
| ৪৭. | ল্যাবরেটরি টেকনিশিয়ান<br>গ্রেড-১৭ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০১(এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪৮. | ক্যাশ সরকার<br>গ্রেড-১৮ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ৪৯. | স্ট্যারিলাইজার মেশিনম্যান<br>গ্রেড-১৮ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০১ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৫০. | ডায়েট অ্যাসিস্ট্যান্ট<br>গ্রেড-১৯ | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫১. | জমাদার সরদার<br>গ্রেড-১৯ | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে ''আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৫২. | অফিস সহায়ক<br>গ্রেড-২০ | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে ''আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৫৩. | ওয়ার্ড বয়<br>গ্রেড-২০ | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে ''আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৫৪. | আয়া<br>গ্রেড-২০ | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে ''আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৫৫. | স্ট্রেচার বেয়ারার<br>গ্রেড-২০ | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে ''আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৫৬. | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০ | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে ''আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৫৭. | বাবুর্চী<br>গ্রেড-২০ | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে ''আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৫৮. | সহকারী বাবুর্চী<br>গ্রেড-২০ | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে ''আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৫৯. | পানি বহনকারী (ভিস্তি)<br>গ্রেড-২০ | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে ''আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৬০. | নার্সিং অর্ডালী<br>গ্রেড-২০ | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে ''আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৬১. | মালী<br>গ্রেড-২০ | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে ''আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৬২. | পরিচ্ছন্নতা কর্মী<br>গ্রেড-২০ | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে ''আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৬৩. | ইলেকট্রিশিয়ান | ''আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৬৪. | অফিস সহায়ক | ''আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৬৫. | আয়া | ''আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৬৬. | নিরাপত্তা প্রহরী | ''আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৬৭. | বাবুর্চী | ''আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৬৮. | সহকারী বাবুর্চী | ''আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৬৯. | মালী | ''আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৭০. | পরিচ্ছন্নতা কর্মী | "আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা ২০১৮'' অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |

**তপশিল-২**

প্রশাসনিক কর্মকর্তা পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষার বিষয়, নম্বর বন্টন ও মৌখিক পরীক্ষার নম্বরসমূহ ইত্যাদি।

<table>
<tr><th>ক্রমিক নং<br>(১)</th><th>পরীক্ষা ও বিষয়ের নাম<br>(২)</th><th>লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বর<br>(৩)</th><th>সর্বনিম্ন পাস নম্বর<br>(৪)</th><th>লিখিত পরীক্ষার সময়<br>(৪)</th></tr>
<tr><td rowspan="5">১.</td><td>(ক) লিখিত পরীক্ষা</td><td rowspan="5">২০০ নম্বর</td><td rowspan="5">৫০%</td><td rowspan="5">৩ ঘন্টা</td></tr>
<tr><td>বাংলা -৭৫</td></tr>
<tr><td>ইংরেজি -৭৫</td></tr>
<tr><td>গণিত -২৫</td></tr>
<tr><td>সাধারণ জ্ঞান -২৫</td></tr>
<tr><td>২.</td><td>মৌখিক পরীক্ষা</td><td>২৫ নম্বর</td><td></td><td></td></tr>
<tr><td colspan="5">সর্বমোট= ২২৫ নম্বর</td></tr>
</table>

**ব্যাখ্যা :** (১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

(২) কম্পিউটারে Word processing এর অভিজ্ঞতা থাকিতে হইবে।

**তপশিল-৩**

**১১তম গ্রেড থেকে ১৯তম গ্রেডভুক্ত পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষার বিষয়, নম্বর বন্টন ও মৌখিক পরীক্ষার নম্বরসমূহ ইত্যাদি।**

| ক্রমিক নং (১) | পরীক্ষা ও বিষয়ের নাম (২) | লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বর (৩) | সর্বনিম্ন পাস নম্বর (৪) | লিখিত পরীক্ষার সময় (৫) |
|---|---|---|---|---|
| ১. | লিখিত পরীক্ষা | ১০০ নম্বর | ৫০% | ৯০ মিনিট |
| | বাংলা -৩০ | | | |
| | ইংরেজি -৩০ | | | |
| | গণিত -২০ | | | |
| | সাধারণ জ্ঞান -২০ | | | |
| ২. | মৌখিক পরীক্ষা | ১০ নম্বর | | |
| সর্বমোট= ১১০ নম্বর | | | | |

**ব্যাখ্যা :** (১) লিখিত পরীক্ষায় এবং তপশিল-৪ এ বর্ণিত সাঁট-লিপি বা মুদ্রাক্ষর বা কম্পিউটার এ্যাপটিচিউড টেষ্টে উত্তীর্ণ (প্রযোজ্য ক্ষেত্রে) প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

(২) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

**তপশিল-৪**

সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর পদে সরাসরি নিয়োগের জন্য সাঁট-লিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি।

| পদের নাম<br>(১) | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)<br>(২) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)<br>(৩) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর<br>(৪) | বাংলা পরীক্ষায় মোট নম্বর<br>(৫) | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর<br>(৬) | গড় পাস নম্বর<br>(৭) | ইংরেজি পরীক্ষার সময়<br>(৮) | বাংলা পরীক্ষার সময়<br>(৯) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | **সাঁটলিপি** | | | | |
| সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| | | | | কম্পিউটার মুদ্রাক্ষর | | | | |
| সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০ % | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা :** (১) সাঁট-লিপি নোট প্রতিলিপিকরণ (:ranscribe) এর জন্য ৩০ (ত্রিশ) মিনিট সময় বরাদ্দ থাকিবে।

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে।

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ)টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

**তপশিল-৫**

অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগের জন্য কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি।

| পদের নাম<br>(১) | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)<br>(২) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)<br>(৩) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর<br>(৪) | বাংলা পরীক্ষায় মোট নম্বর<br>(৫) | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর<br>(৬) | গড় পাস নম্বর<br>(৭) | ইংরেজি পরীক্ষার সময়<br>(৮) | বাংলা পরীক্ষার সময়<br>(৯) |
|---|---|---|---|---|---|---|---|---|
| অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা :**

(১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ)টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে।

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোস্তফা কামাল উদ্দীন**
সিনিয়র সচিব

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd